বিজেপি পঞ্চায়েত সদস্যাকে মারধরের অভিযোগ তৃণমূলের বিরুদ্ধে, গ্রেপ্তার চার

নিজস্ব প্রতিবেদন, বাগদা: বিজেপি পঞ্চায়েত সদস্যাকে মারধরের অভিযোগ তৃণমূল কর্মীদের বিরুদ্ধে, গ্রেপ্তার মোট চার। ঘটনাটি ঘটেছে উত্তর চব্বিশ পরগনার হেলেঞ্চা গ্রাম পঞ্চায়েতের তেঘড়ি পাড়া এলাকায়। রবিবার রাতে স্থানীয় বিজেপি পঞ্চায়েত সদস্যা এবং আশাকর্মী সর্বাণী সমাদ্দার একটি পরিবারকে তাদের বাচ্চার টিকার বিষয়ে জানানোর জন্য তাদের বাড়িতে গিয়েছিলেন। অভিযোগ, সেই সময় তৃণমূল সমর্থক স্থানীয় নিত্যানন্দ সরকার ওরফে কালু, সজল পাল, প্রসেনজিৎ পাল তাদের ওপরে চড়াও হয় এবং মারধর করে। পরবর্তীতে কালু এবং তার দলবল পঞ্চায়েত সদস্যের বাড়িতে চড়াও হয়ে বাড়ির মধ্যে থাকা একটি মোটর বাইকে ভাঙচুর করে বলেও

অভিযোগ করেন তিনি।

অভিযোগ পেয়ে ঘটনাস্থলে এসে অভিযুক্ত তিন যুবককে গ্রেপ্তার করে পুলিশ। পালটা তৃণমূলের অভিযোগের ভিত্তিতে পঞ্চায়েত সদস্যার ছেলে শুভজিৎ সমাদ্দারকে গ্রেপ্তার করে বাগদা থানার পুলিশ। যদিও হেলেঞ্চা আঞ্চলিক তৃণমূল কংগ্রেসের সভাপতি অনিমেষ কুমার বাইন সমস্ত অভিযোগ অস্বীকার করেন। ধৃতদের সোমবার বনগাঁ মহকুমা আদালতে পাঠানো হয়েছে। উত্তর চব্বিশ পরগনা জেলার বিজেপির সাংগঠনিক সহ-সভাপতি দেবদাস মণ্ডল জানান, 'আমাদের পঞ্চায়েত সদস্যা সাধারণ মানুষের পাশে দাঁড়াতে বাড়িতে গিয়ে সময় মতো বাচ্চাদের টিকা করণের বিষয়টা জানিয়ে আসছেন। মানুষের জন্য কোনওদিন ভালো

বাগদা

কাজ শাসক দলের নেতাকর্মীরা করেননি, তাই তাঁরা দেখছেন তাদের পায়ের তলার মাটি চলে যাচ্ছে। এই কারণেই তারা বিজেপির কোনওরকম উন্নয়ন বা ভালো কাজ দেখতে পারছেন না। এইজন্যই পঞ্চায়েত সদস্যাকে মারধর করেছেন তৃণমূল কর্মীরা। তবে বাংলার মানুষ আগামী একুশে তৃণমূলকে এই অত্যাচারের যোগ্য জবাব দিয়ে দেবেন।'

কোভিড হাসপাতাল তৈরির খবরে গ্রামবাসীদের বিক্ষোভ, পুলিশের লাঠিচার্জ

নিজস্ব প্রতিবেদন, অশোকনগর: কোভিড হাসপাতাল তৈরি ঘিরে গ্রামবাসীদের বিক্ষোভ, জমায়েত হটাতে পুলিশের লাঠিচার্জ। রাজ্যে প্রতিনিয়ত বেড়েই চলেছে করোনা আক্রান্তের সংখ্যা। সরকারিভাবে এখনও পর্যন্ত যতগুলো হাসপাতালকে কোভিড হাসপাতাল হিসেবে চিহ্নিত করা হয়েছে, সেখানে আক্রান্ত রোগীদের তুলনায় বেডের সংখ্যা কমে যাওয়ায় চিন্তার ভাঁজ শুরু হয়েছে রাজ্যের স্বাস্থ দপ্তরের। তাই তড়িঘড়ি অশোকনগর হাসপাতালকে কোভিড হাসপাতাল তৈরি করবার চিন্তা ভাবনা তৈরির পরিকল্পনা চলছে।

অশোকনগর স্টেট জেনারেল হাসপাতালকে কোভিড হাসপাতাল করা হবে এরকমটা স্থানীয় বাসিন্দারা শুনতে পেয়ে সোমবার বেলা ১১ টা নাগাদ হাজির হয় অশোকনগর স্টেট জেনারেল হাসপাতালে। শ'খানেক লোকের জমায়াতের খবর পেয়ে অশোকনগর থানার পুলিশ হাসপাতাল চত্বরে অভিযোগ বিক্ষোভকারীদের কোনও কথা না

শুনেই তাদেরকে হটিয়ে দেয়। প্রথমে লাঠি উঁচিয়ে তাদেরকে সরে যাওয়ার জন্য বলে এবং পরবর্তী সময়ে পুলিশ লাঠিচার্জ করে

অশোকনগর

জমায়েতকারীদের তাড়া করে হাসপাতাল চত্বর থেকে বের করে দেয় পুলিশ। ঘটনায় এদিন দুপুরে উত্তেজনা তৈরি হয় অশোকনগর স্টেট জেনারেল হাসপাতাল চত্বরে। জমায়েতকারীদের দাবি, হাসপাতালে সাধারণ চিকিৎসা করা হবে। কোভিড হাসপাতাল করা যাবে না, কারণ হাসপাতাল একাকায় জনবসতি রয়েছে তাই তাদের এই প্রতিবাদ। যদিও অশোকনগর কল্যাণগড় পুরসভার পুর প্রশাসক প্রবোধ সরকার ঘটনার পর হাসপাতালে এসে সংবাদ মাধ্যমকে জানায়, কোভিড হাসপাতাল করার কোনও নোটিস এখনও পুরসভা বা হাসপাতাল পায়নি। তবে অশোকনগরে কোভিড হাসপাতাল দরকার। দেড় লক্ষ মানুষের এখানে বসবাস। প্রয়োজনে বিক্ষোভকারীদের বোঝানো হবে। তবে ইতিমধ্যে খাদ্যমন্ত্রীও অশোকনগর হাসপাতালকে কোভিড হাসপাতাল হিসেবেই তৈরি করা হচ্ছে বলে জানিয়েছেন এবং দ্রুত এই হাসপাতাল কোভিড হাসপাতালে পরিণত হবে এমনটাই তিনি পরিষ্কারভাবে জানিয়েছেন।

তাই ইন্ডাস্ট্রিজ লিমিটেড
CIN : L01222WB1983PLC059695
রেজিস্টার্ড অফিস : আরিহান্ত বিল্ডিং, ৪র্থ তল, ৫৩এ, মির্জা গালিব স্ট্রিট, কলকাতা-৭০০০১৬
ফোন নং: (০৩৩) ২২২৬ ০৯৩৮, ৪০৪১ ৬৬৬৬,
ফ্যাক্স: (০৩৩) ২২৪৯ ৭৩১৯
ই-মেল: info@taiind.com
ওয়েবসাইট : www.taiind.com

বিজ্ঞপ্তি

সেবি (লিস্টিং অবলিগেশনস্ অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস্) রেগুলেশনস্, ২০১৫ -র রেগুলেশন ৪৭ অনুসারে, এতদ্দ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, কোম্পানির পরিচালন পর্ষদের সভা ১০ অগস্ট, ২০২০ তারিখ সোমবার অনুষ্ঠিত হবে, যেখানে অন্যান্য বিষয়ের সঙ্গে ৩০ জুন, ২০২০ তারিখ সমাপ্ত ত্রৈমাসিকের কোম্পানির অনিরীক্ষিত আর্থিক ফলাফল বিবেচনা ও অনুমোদন করা হবে। খবরটি কোম্পানি ওয়েবসাইট www.taiind.com এবং বোম্বাই স্টক এক্সচেঞ্জ -এর ওয়েবসাইট www.bseindia.com -তেও পাওয়া যাবে।

পর্ষদের আদেশানুসারে
(ইন্দিরা বিশ্বাস)
স্থান: কলকাতা — কোম্পানি সেক্রেটারি অ্যান্ড
তারিখ: ০৪.০৮.২০২০ — কমপ্ল্যায়েন্স অফিসার

রবিবারের অগ্নিগর্ভ পরিস্থিতির পর

চাপা উত্তেজনা রয়েছে আমডাঙার বিভিন্ন এলাকায়

নিজস্ব প্রতিবেদন, আমডাঙা: অগ্নিগর্ভ আমডাঙা আপাতত শান্ত হলেও চাপা উত্তেজনায় ডুবে বিভিন্ন এলাকা। নতুন করে গন্ডগোল যাতে না ছড়ায় তার জন্য মোতায়েন করা হয়েছে পুলিশ। তা সত্বেও রাজনৈতিকভাবে উত্তপ্ত হয়ে আছে আমডাঙা। রবিবার সন্ধ্যার ঘটনার রেশ গড়ায় গভীর রাত পর্যন্ত। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে রবার বুলেট, কাঁদানে গ্যাস ব্যবহার করেও বেগ পেতে হয় পুলিশকে। ঘটনার জেরে কয়েক জনকে আটক করা হয়েছিল রাতেই। তাদের মধ্যে তিনজনকে সোমবার একাধিক ধারায় মামলা করে বারাসত আদালতে তোলা হয়। এদিন বিচারক তাদের ১১ দিনের জেল হেপাজতের নির্দেশ দেন।

বাজেয়াপ্ত করা হয়েছিল বেশ কিছু জিনিস। এলাকার মানুষের দাবি, এই ঘটনা যে ঘটতে চলেছে তার ইঙ্গিত আগেই ছিল। কারণ, আমডাঙা প্রধানত সংখ্যালঘু অধ্যুষিত এলাকা, সেখানে আগে থেকেই সিপিএমের শক্ত ঘাটি ছিল। তৃণমূল জমানাতেও সেখানে সিপিএম আধিপত্য ছিল। গত লোকসভা নির্বাচনের আগে থেকে সেখানে বিজেপি থাবা বসায়। পরবর্তীতে দেশ তথা রাজ্য রাজনীতি প্রেক্ষাপটে আমডাঙার সংখ্যালঘুদের মধ্যে মিম ও সম্প্রতি আব্বাস

সিদ্দিকীর দল আহালে সুন্নাতুল জামাতের শক্তি দ্রুত বাড়তে শুরু করে। সেটাই ছিল বর্তমান শাসক দল তৃণমূলের মাথাব্যথার কারণ। বিষয়টি নিয়ে তৃণমূলের অন্দরে আলোচনাও চলছিল। তার মধ্যেই আব্বাস সিদ্দিকীর কয়েজন অনুগামীরা এলাকায় পোস্টার লাগানোর সময় তৃণমূলের কয়েকজন নেতা কর্মীরা বাধা দেয়। বিষয়টি নিয়ে গন্ডগোল হলে পুলিশ শাসক দলের পক্ষ নিয়ে আব্বাস সিদ্দিকীর কয়েকজন সমর্থকদের আটক করলে এলাকায় শুরু হয় চাপা উত্তেজনা। তার মধ্যেই রবিবার দুপুরে নতুন করে উত্তর ২৪ পরগনার আমডাঙা থানার সাধনপুর পঞ্চায়েত এলাকার গজবন্দ গ্রামে ৭৩ নম্বর বুথ এলাকায় আব্বাস সিদ্দিকীর দল আহালে সুন্নাতুল জামাতের সমর্থক করে শেখ মোকাদ্দেস, তাঁর বাবা শাহাদাত হোসেনকে জবকার্ডের কাজ করানোর সময়ে তৃণমূলের সমর্থকরা তাঁর হাতে তৃণমূলের দলীয় পতাকা ধরিয়ে ছবি তুলে সেই ছবি সোশ্যাল মিডিয়ায় পোস্ট করায় উত্তেজনা ছড়ায়। সেই ঘটনার তীব্র প্রতিবাদ করে শেখ মোকাদ্দেস। তাই নিয়েই শুরু হয় আব্বাস সিদ্দিকীর দলের সঙ্গে তৃণমূলের গন্ডগোল, হাতাহাতি, মারামারি।

রাজনৈতিক বিশ্লেষকদের দাবি, নিজের জায়গায় মাটি হারিয়ে স্থানীয় বিধায়ক আব্বাস সিদ্দিকীকে সঙ্গে নিয়ে বিজেপি ও সিপিএমকে জড়িয়ে রাজনৈতিক ফায়দা তুলতে চাইছে তৃণমূল।

ব্যাংকের পদ থেকে সরানো হল বিধায়ককে

নিজস্ব প্রতিবেদন, মেদিনীপুর: রাজ্য তৃণমূল কংগ্রেস নেতৃত্বের নির্দেশে ঘাটাল ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যাংকের চেয়ারম্যান পদ থেকে স্থানীয় বিধায়ক শঙ্কর দোলুইকে সরিয়ে দেওয়া হলো। তাকে অপসারণ করার খবর ছড়িয়ে পড়তেই এলাকায় বিজয় উৎসবের চেহারা নেয়। সোমবার দুপুর বারোটায় ওই ব্যাংকের এক অনুষ্ঠানে ঘাটালের বিধায়ককে চেয়ারম্যানের পদ থেকে অব্যাহতি দিয়ে কৌশিক কুলধিকে নতুন চেয়ারম্যান হিসেবে ঘোষণা করে ব্যাংক পরিচালন সমিতি। বিধায়ককে পদ থেকে সরিয়ে দিতেই এলাকা উৎসবের চেহারা নেয়। এলাকার মানুষ ঘাটালের রাজপথে বিজয় মিছিল বের করেন। তাতে সামিল হন তৃণমূল কর্মীরা। স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন, বিজয় মিছিলটি দেখে মনে হচ্ছিল বিজেপি কিংবা সিপিএমকে হারিয়ে তৃণমূল কর্মীরা যেন এই বিজয় মিছিলে সামিল হয়েছে। তৃণমূলের রাজ্য নেতৃত্বে নির্দেশেই ঘাটালের বিধায়ক শঙ্কর দোলুইকে ঘাটাল ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যাংকের চেয়ারম্যান পদ থেকে অপসারণ করা হয়েছে বলে জেলা তৃণমূল নেতৃত্ব জানিয়েছেন।

মেদিনীপুর মেডিক্যালে করোনা আক্রান্ত চার চিকিৎসক

নিজস্ব প্রতিবেদন, মেদিনীপুর: পশ্চিম মেদিনীপুর জেলা স্বাস্থ্য ভবন থেকে প্রকাশিত রবিবার রাতের রিপোর্ট অনুযায়ী, মেদিনীপুর শহরের সিপাই বাজারের এক যুবক (২৫) করোনা আক্রান্ত হয়েছেন। তিনি, মেদিনীপুর মেডিক্যাল কলেজের ইন্টার্ন। তার আগে মেডিক্যাল কলেজের একজন সিনিয়র এবং তিনজন জুনিয়র চিকিৎসক করোনা আক্রান্ত হয়েছেন। গত ১ অগস্ট যে দু'জন জুনিয়র চিকিৎসক করোনা আক্রান্ত হয়েছিলেন, তাঁরা বটতলা চকেই ওল্ড বয়েজ হোস্টেলে থাকতেন। তাঁরা শালবনি করোনা হাসপাতালে এখন চিকিৎসাধীন।

রবিবার আক্রান্ত হওয়া, সিপাইবাজারের বাসিন্দা তথা ট্রেনি চিকিৎসক (ইন্টার্ন) কে পাঠানো হয়েছে আয়ুশ করোনা হাসপাতালে। চিকিৎসকদের আক্রান্ত হওয়ার ঘটনার পর সতর্কতামূলক পদক্ষেপ হিসেবে কোতোয়ালি থানার পক্ষ থেকে বটতলাচকের বিস্তীর্ণ এলাকা সোমবার দুপুরে গণ্ডিবদ্ধ করা হয়েছে।

ঘটনায় শহরবাসীর মধ্যে আতঙ্ক ছড়ালেও জেলা প্রশাসন ও জেলা স্বাস্থ্য ভবন জানিয়েছে, আতঙ্কের কিছু নেই। মানুষকে সতর্ক থাকতে হবে। প্রশাসনের পক্ষ থেকে সব রকম পদক্ষেপ করা হচ্ছে। মেদিনীপুর মেডিক্যাল কলেজের অধ্যক্ষ ডা. পঞ্চানন কুণ্ডু জানিয়েছেন, 'পরিস্থিতি নিয়ন্ত্রণে আছে, সতর্কতামূলক সমস্ত ব্যবস্থাই নেওয়া হচ্ছে। তবে, চিকিৎসা করতে গিয়ে কোনও কোনও চিকিৎসকের করোনা ধরা পড়ছে, এতে কিছু করারও নেই। চিকিৎসা পরিষেবা তো বজায় রাখতে হবে। তবে, সকলের যে উপসর্গ দে[illegible] দিচ্ছে তা নয়, উপসর্গহীন অ[illegible] হচ্ছেন অনেকেই। টেস্ট চলবে, সেইমতো ব্যবস্থাও নেওয়া হবে, আতঙ্কের কিছু নেই। ধাপে ধাপে পরিস্থিতি ঠিক হবে।'

TENDER NOTICE

Percentage rate e-Tender invited vide NIT No. **05/SAG/2020 - 21** by the Prodhan, SAGARPARA GRAM PANCHAYAT.

Last date of application 11.08.2020 up to 5.00 P.M.

Intending bidders may download tender documents from **htpp://wbtenders.gov.in** or Notice board of the Sagarpara Gram Panchayat, Jalangi, Murshidabad for details.

Sd/-
Prodhan
Sagarpara Gram Panchayat
P.O.- Sagarpara,
[illegible]ist. Murshidabad

বাইক ও গাড়ির মুখোমুখি সংঘর্ষে মৃত ১

নিজস্ব প্রতিবেদন, গাইঘাটা: বাইক এবং গাড়ির মুখোমুখি সংঘর্ষে আহত এক মৃত এক। মৃত ব্যক্তি রাকেশ বসু (৩৫) এবং আহত সুধাংশু মণ্ডল (৩৪)। বাড়ি গাইঘাটা থানার সুটিয়া কুঠিপাড়া এলাকা। ঘটনাটি ঘটেছে সোমবার দুপুর আনুমানিক দুটো নাগাদ গাইঘাটা থানার হাসপুর কাঠালতলা এলাকায়। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, নগরুখরা থেকে গাইঘাটার উদ্দেশ্যে একটি বাইকে করে দুই

গাইঘাটা

আরোহী যাচ্ছিলেন। অপরদিকে গাইঘাটা থেকে একটি দ্রুতগতিতে একশো সাত গাড়ি আসছিলো। হাসপুর কাঠালতলা এলাকায় মুখোমুখি দুটো গাড়িতে ধাক্কা লাগে। ঘটনাস্থলে রক্তাক্ত অবস্থায় মাটিতে লুটিয়ে পড়েন বাইক আরোহী এবং তার সঙ্গী। তড়িঘড়ি স্থানীয় বাসিন্দারা তাঁদের উদ্ধার করে দু'জনকে হাসপাতালে নিয়ে আসে। আশঙ্কাজনক অবস্থায় হাবড়া হাসপাতাল থেকে রাকেশ বসুকে বারাসত হাসপাতালে স্থানান্তরিত করা হলে মাঝ রাস্তায় মারা যায় রাকেশ। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় গাইঘাটা থানার পুলিশ। আটক করা হয়েছে একশো সাত গাড়িটি। যদিও ঘটনাস্থল থেকে পলাতক গাড়ি চালক।

ব্রিজ ভেঙে পড়ার আতঙ্ক, দুর্নীতির অভিযোগ এলাকাবাসীর

নিজস্ব প্রতিবেদন, হুগলি: বাঁকুড়ার জলের ট্যাংক ভেঙে পড়ার মতো ব্রিজ ভেঙে পরার আতঙ্কে আতঙ্কিত এলাকার মানুষ। পাকা ব্রিজের পাঁচটি পিলারের মধ্যে একদিকের দু'টি পিলার ভেঙে বসে যাওয়ায় চাঞ্চল্য ছড়ায় এলাকাজুড়ে। ঘটনাটি ঘটেছে হুগলি জেলার আরামবাগ ব্লকের কালিদোনার ভুতবাজার এলাকায়। জানা গিয়েছে, এদিন সকালে হঠাৎ করে আরামবাগের মুণ্ডেশ্বরী নদীর শাখা কানানদীর ওপর নির্মিত ব্রিজটির পিলারগুলো ভাঙতে শুরু করে। এলাকার মানুষ আতঙ্কিত হয়ে পড়েন। এরপর এলাকার মানুষ ব্রিজের ওপর মানুষ চলাচল বন্ধের জন্য কাগজের বোর্ড লাগায় এবং স্থানীয় প্রশাসনকে খবর দেয়।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, প্রায় কুড়ি বছর আগে এই ভুতবাজার এলাকার পাকার ব্রিজটি বাম আমলে তৈরি হয়। বেহাল হয়ে পড়ায় প্রশাসন প্রায় ৩,৪৯,৬০৮ টাকা মেরামতের জন্য বরাদ্দ করে এবং ২০১৮ সালে কাজ শুরু হয়। কিন্তু সংস্কারের দুই বছরের মাথায় কীভাবে ব্রিজটির পিলারগুলো ভেঙে পড়লো। তাহলে কি কোনও দুর্নীতি হয়েছে। উঠছে প্রশ্ন। কাজের গুণগত মান নিয়ে প্রশ্ন তুলছেন স্থানীয় মানুষ। হারাধন মুখোপাধ্যায় নামে স্থানীয় এক ব্যক্তি বলেন, যা টাকা বরাদ্দ হয়েছে সেই অনুযায়ী কাজ হয়নি। এই জন্য ব্রিজটি ভেঙে গিয়েছে। অবিলম্বে এই ব্রিজকে নতুন করে তৈরি করা দরকার। তা না হলে বড়ো ধরনের দুর্ঘটনা ঘটে যাবে। অপরদিকে আরামবাগ পঞ্চায়েত সমিতির পূর্তকর্মাধ্যক্ষ জগন্নাথ দাস বলেন, 'ব্রিজটি বাম আমলে তৈরি

আরামবাগ

হয়। আমরা মাঝে পঞ্চায়েতের মাধ্যমে মেরামত করি। কিন্তু আরামবাগ মাস্টারপ্ল্যানে কাজ হওয়ার সময় ব্রিজের পিলারের কাছ থেকে মাটি বেশি কাটা হওয়ায় এই ঘটনা ঘটেছে। আমরা প্রশাসনকে জানিয়েছি।'

আরামবাগ মহকুমা পূর্ত দপ্তরের এক আধিকারিক বলেন, মাস্টারপ্ল্যানে মাটি কাটার জন্য ব্রিজটির পিলার ভাঙেনি। পরিকাঠামোগত দুর্বলতার জন্য এই ঘটনা ঘটেছে। পিলার থেকে পাঁচ ফুট ছেড়ে মাটি কাটা হয়েছে। অন্যদিকে, আরামবাগ মহকুমা শাসক নৃপেন্দ্র সিং বলেন, বিষয়টি খতিয়ে দেখে ব্যবস্থা নেওয়া হবে। আমরা দ্রুত মানুষের চলাচলের জন্য ব্রিজ মেরামতের ব্যবস্থা করছি। তবে ব্রিজের পিলার ভাঙা নিয়ে বিজেপি নেতৃত্ব কটাক্ষ করে তৃণমূলকে। বিজেপি নেতা বিমান ঘোষ বলেন, 'কাটমানি টাকা পকেটে গেলে ব্রিজ মেরামতের কাজ হবে কি করে। আঠারো সালে কাজের জন্য যে টাকা বরাদ্দ হয়েছে তার সবই তৃণমূল নেতাদের পকেটে গিয়েছে। মানুষের কথা এরা ভাবে না। কেবল সরকারি টাকা বিভিন্ন কৌশলে পকেটেস্ত করছে।'

এনপিআর ফিনান্স লিমিটেড
CIN: L65921WB1989PLC047091
রেজিঃ অফিস : টোডি ম্যানসন, ১০ম তল, ১ লু সাং সরণি, কলকাতা-৭০০ ০৭৩
ফোন নং- ০৩৩-২২৩৭৭২০১/৭২০২,
ইমেল আইডি- npr1@nprfinance.com
ওয়েবসাইট- www.nprfinance.com

সংশোধনী

গত ০১.০৮.২০২০ -তে প্রকাশিত এনপিআর ফিনান্স লিমিটেড -এর নিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণে ৩১ মার্চ, ২০১৯ তারিখে সমাপ্ত তিনমাস এবং বর্ষের নিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণ -এর পরিবর্তে "৩১ মার্চ, ২০২০ তারিখে সমাপ্ত তিনমাস এবং বষেণর নিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণ" এবং প্রথম কলামের শিরোনাম ত্রৈমাসিক সমাপ্ত ৩০/০৩/২০২০ (নিরীক্ষিত) -এর পরিবর্তে "ত্রৈমাসিক সমাপ্ত ৩১/০৩/২০২০ (নিরীক্ষিত)" পড়তে হবে। ভুল প্রকাশের জন্য দুঃখিত।

অচেনা ভাইদের হাতে রাখি পড়ালেন যৌনকর্মীরা

নিজস্ব প্রতিবেদন, মালদা: অচেনা ভাইদের হাতে রাখি পরিয়ে মিষ্টিমুখ করালেন মালদার হংসগিড়ি লেন এলাকার যৌনকর্মীরা। রাজ্য সরকারের উদ্যোগে এবং জেলা প্রশাসনের সহযোগিতায় মালদা শহরের ফোয়ারা মোড়ে ঘটা করে পালিত হল রাখি বন্ধন উৎসব। এই কর্মসূচিকে সামনে রেখে রাস্তায় নেমে পথচারীদের মাস্ক বিলি করলেন জেলাশাসক রাজর্ষি মিত্র। একইভাবে মালদা শহরের স্টেশন রোড এলাকার জেলা তৃণমূল কার্যালয়ে রাখিবন্ধন উৎসব পালন করলেন দলের জেলা সভাপতি তথা রাজ্যসভার সংসদ সদস্য মৌসম নুর। তৃণমূলের জেলার কো-অর্ডিনেটর অম্লান ভাদুড়ীর উদ্যোগেই মূলত এই রাখি বন্ধন কর্মসূচী পালিত হয়। এদিন এলাকার সমস্ত যৌনকর্মীরা সমদূরত্ব বজায় রেখে, মুখে মাস্ক পড়ে যুব তৃণমূলের অচেনা ভাইদের হাতে রাখি পরিয়ে, লাড্ডু খাইয়া মিষ্টিমুখ করান। পাশাপাশি যুব তৃণমূলের পক্ষ থেকে যৌনকর্মীদের রাখি পরানো হয়। খাওয়ানো হয় লাড্ডু। বিলি করা হয় মাস্ক এবং স্যানিটাইজার।

পণের দাবিতে গৃহবধূকে বিষ খাইয়ে খুন

নিজস্ব প্রতিবেদন, হাবড়া: পণের দাবিতে গৃহবধূকে বিষ খাইয়ে খুনের অভিযোগ স্বামী এবং শ্বশুর-শাশুড়ির বিরুদ্ধে। মৃতার আত্মীয়রা উত্তেজিত হয়ে অভিযুক্তদের বাড়ি ভাঙচুর চালায়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে ঘটনাস্থলে যায় বিশাল পুলিশবাহিনী। ঘটনাটি ঘটেছে হাবড়া থানার কুমড়ো পঞ্চায়েতের ছয়ঘরিয়া এলাকায়।

পরিবার সূত্রে জানা গিয়েছে, রবিবার সন্ধ্যায় হঠাৎ মণিকার শ্বশুরবাড়ির এক প্রতিবেশীর কাছ থেকে বাপের বাড়িতে খবর আসেন বিষ খেয়ে মণিকা অসুস্থ অবস্থায় হাবড়া হাসপাতালে চিকিৎসাধীন। খবর পেয়ে বাপের বাড়ির আত্মীয়রা হাসপাতালে এসে দেখতে পায় হাসপাতালের বেডে মণিকার মৃতদেহ পড়ে আছেন। অথচ তার স্বামীর পরিবারের কোনও আত্মীয়-স্বজন কেউ নেই। এমনকী, তাদের মোবাইল ফোনগুলো বন্ধ করা রয়েছে। হাসপাতাল সূত্রে জানা গিয়েছে, মণিকাকে বিষাক্ত কোনও প্রয়োজন খাওয়া অবস্থায় হাসপাতালে নিয়ে আসেন কয়েকজন অপরিচিত যুবক এবং তাকে ফেলে রেখে হাসপাতাল থেকে চম্পট দেয় তারা। মণিকার পরিবারের পক্ষ থেকে রাতে হাবড়া

থানায় বধূ নির্যাতন এবং খুনের অভিযোগ দায়ের করা হয়। অভিযোগের ভিত্তিতে পুলিশের পক্ষ থেকে ঘটনার তদন্ত শুরু করেছে হাবড়া থানার পুলিশ। ঘটনার পর থেকেই তার স্বামী, শ্বশুর-শাশুড়ি পলাতক তাদের সন্ধান চালাচ্ছে পুলিশ। সোমবার সকালে মণিকার বাপের বাড়ির আত্মীয়রা উত্তেজিত হয়ে অভিযুক্তদের বাড়িতে গিয়ে ভাঙচুর করে। খবর পেয়ে ঘটনাস্থলে হাবড়া থানার বিশাল পুলিশ বাহিনী গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। পুলিশের পক্ষ থেকে মনিকার মৃতদেহ সোমবার দুপুরে ময়নাতদন্তের জন্য বারাসত হাসপাতাল মর্গে পাঠানো হয়। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ অভিযুক্তদের খোঁজে তল্লাশি চালাচ্ছেন তদন্তকারী কর্মকর্তারা।

Chakdaha Municipality

QUOTATION NOTICE

Chakdaha Municipality invites Quotation Notice No. **02/Elec.(Inverter)/C.M/2020 -2021,** Dt. 03-08-2020 for supplying of Inverter Machine with Battery. For further information please visit www.chakdahamunicipality.in

এস কে কনসালট্যান্টস লিঃ
রেজিঃ অফিস : "মিনারেল হাউস"
২৭এ, ক্যামাক স্ট্রিট, কলকাতা-৭০০ ০১৬
CIN No. L74140WB1982PLC034815

বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা বিজ্ঞাপিত করা যাচ্ছে যে, ৩১ অগস্ট ২০২০ তারিখ সোমবার বেলা ১০:৩০টায় কোম্পানির রেজিস্টার্ড অফিসে অনুষ্ঠিত কোম্পানির বার্ষিক সাধারণ সভার উদ্দেশ্যে কোম্পানির সদস্যদের রেজিস্টার ২৫ অগস্ট, ২০২০ থেকে ৩১ অগস্ট ২০২০ তারিখ পর্যন্ত (উভয়দিন সহ) বন্ধ থাকবে।

বোর্ডের আদেশক্রমে
স্বা/-
(সিদ্ধার্থ জৈন)
স্থান: কলকাতা — ম্যানেজিং ডিরেক্টর
তারিখ: ২১.০৭.২০২০ — DIN No. 00239345

NIT No. 1 of 2020-21

NIT is invited by the undersigned for soil conservation works. Last date of application for Tender Papers - 07.08.20 upto 3 p.m. Tender papers will be issued on 10.08.20 upto 4.00 p.m. Tender papers will be dropped on 14.08.20 upto 3.00 p.m. And will be opened on the same day at 3.30 p.m. Details will be available in the office of the undersigned in any working days.

Sd/-
Assistant Director of Agriculture (Administration)
Soil Conservation, Bankura

নোটিস

সংশ্লিষ্ট সবার উদ্দেশ্যে এতদ্দ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, আমি মেসার্স সুইপ রিয়াল এস্টেট প্রাইভেট লিমিটেড, রেজিস্টার্ড অফিস ১৪২এ, বাকরাহাট রোড, থানা- ঠাকুরপুকুর, কলকাতা-৭০০০৬৩ এবং সাউথ ভিউ ডেভেলপারস প্রাইভেট লিমিটেড, রেজিঃ অফিস- এলপি ১৩৪/১২, বাকরাহাট রোড, ঠাকুরপুকুর, কলকাতা, পশ্চিমবঙ্গ ৭০০০৬৩ -এর অন্যতম ডিরেক্টর ছিলাম এবং যথাক্রমে ২১ জুলাই, ২০২০ তারিখ ও ৩০ ডিসেম্বর, ২০১৮ তারিখে আমি উপরে বর্ণিত কোম্পানিগুলির ডিরেক্টরশিপ পদ থেকে আমার পদত্যাগপত্র দাখিল করেছি এবং আজকের তারিখ থেকে যে-কোনও কোম্পানির পক্ষের হয়ে আমার করা যে-কোনও কাজ বা লেনদেনের জন্য আমি কোনওভাবে বাধ্য বা দায়ী হবো না এবং আমার নাম যদি ব্যবহৃত হয় তবে তা আইনের বিধানাবলি অনুসারে ফৌজদারি অপরাধ হিসেবে গণ্য হবে এবং এর পরিণাম ভোগ করতে হবে সংশ্লিষ্ট সেই ব্যক্তিকে যিনি এই ধরনের অপরাধ ঘটাবেন।

রাজু নস্কর
গ্রাম ও পোঃ রসপুঞ্জ
দক্ষিণ ২৪ পরগনা কলকাতা
পশ্চিমবঙ্গ ভারত ৭০০১০৪

শ্রদ্ধার্ঘ্য



পরমারাধ্য ৺শচীন্দ্র নাথ বসু

পিতা, আমি বৃহদারণ্যক উপনিষদের মন্ত্রটি আজ স্মরণ করতে চাই। আমি আপনার অনুগত পুত্র। তিনটি লোকের কথা বলা হয় - মনুষ্যলোক, দেবলোক ও পিতৃলোক।
এই মনুষ্যলোক একমাত্র পুত্রের দ্বারা জয় করতে পারা যায়। অপরের দ্বারা, কর্মের দ্বারা নয়। তবে পিতৃলোক জয় করা যায় কর্মের দ্বারা, আর দেবলোক বিদ্যার দ্বারা। পিতা! উপনিষদ্ বলছেন, পিতা লোকান্তরিত হওয়ার কালে পুত্রকে বলেন-
'ত্বং ব্রহ্ম, ত্বং যজ্ঞস্ত্বং লোক ইতি'
'পুত্র! তুমি ব্রহ্ম, তুমি যজ্ঞ, তুমি লোক।' পুত্র এই মন্ত্র স্বীকার করে বলেন - হ্যাঁ পিতা! আমি ব্রহ্ম, আমি যজ্ঞ, আমি লোক। আমার সব অধ্যয়ন, সব জ্ঞান, এই 'ব্রহ্ম' শব্দে সংগৃহীত হল, যা যজ্ঞ করেছি সব রইল এই 'যজ্ঞ' শব্দটিতে। আর আমার সমস্ত লোক সঞ্চিত থাক এই 'লোক' শব্দে। পিতা, আপনার ইহকালে এই পুত্র ছিল আপনার ছায়াসঙ্গী। আর আপনি যখন আপনার মরদেহ পরিত্যাগ করলেন, তখন আপনার বাক্, মন ও প্রাণ এই পুত্রের মধ্যেই প্রবিষ্ট হল। আপনি আমাতে বন্দী। পিতা! 'পুত্র' শব্দটির অর্থ যে এই - 'সমস্ত দায় হতে পিতাকে যে মুক্ত করে সেই হল পুত্র' পুত্রের মধ্যে পিতা চিরজীবিত।

আশীর্ব্বাদপ্রার্থী
আপনার নিতাই।
সঙ্গে আপনার গৌর, বুড়ো (জয়ন্ত) ও বেবী (চিত্রা বিশ্বাস)
সৌজন্যে ঃ লেক কালীবাড়ী

ভবঘুরেদের রাখি পরিয়ে সম্প্রীতির বার্তা অশোকনগরে

নিজস্ব প্রতিবেদন, অশোকনগর: করোনা যোদ্ধাদের পাশাপাশি সামাজিক অবহেলা থেকে বাঁচাতে ভবঘুরেদেরও রাখি পরি